

(প্রেস বিজ্ঞপ্তি)

২ জুন ২০২২

বুস্টার ডোজ সপ্তাহ পালনে চসিকের প্রস্তুতি সভা অনুষ্ঠিত ৪ থেকে ১০ জুন ৪১টি ওয়ার্ডে একযোগে করোনা টিকার বুস্টার ডোজ সপ্তাহ চলবে

নগরীতে আগামী ৪ থেকে ১০ জুন পর্যন্ত কোভিড ভ্যাকসিন বুস্টার ডোজ সপ্তাহ উদযাপন উপলক্ষে আজ বৃহস্পতিবার সকালে টাইগারপাসস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভবনের সম্মেলন কক্ষে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। স্বাগত বক্তব্য রাখেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী। অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন স্বাস্থ্য স্টাডিং কমিটির সভাপতি কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর হাজী নুরুল হক, হাসান মুরাদ বিপ্লব, ছালে আহম্মদ চৌধুরী, সলিমউল্লাহ বাচ্চু, মো. শফিউল আলম, মো. শফিকুল ইসলাম, ওয়াসিম উদ্দিন চৌধুরী, মো. নুরুল আলম শেখ, জাফরুল হায়দার চৌধুরী, মো. আবদুল মান্নান, আবদুল বারেক, সংরক্ষিত মহিলা কাউন্সিলর নীলু নাগ, আনঞ্জুমান আরা, ফেরদৌসি আকবর, হুরে আরা বেগম, তছলিমা বেগম, জাহেদা বেগম পপি, সচিব খালেদ মাহমুদ প্রমুখ।

স্বাগত বক্তব্যে ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, আগামী ৪ থেকে ১০ জুন প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এই কর্মসূচী চলমান থাকবে। সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডে ২টি করে কেন্দ্র স্থাপন করে প্রতি কেন্দ্রে কমপক্ষে ৩০০ জনকে ভ্যাকসিন দেয়ার প্রস্তুতি গ্রহণ করা হয়। তবে ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে কেবলমাত্র ৩টি কেন্দ্র স্থাপন করা হবে। তিনি বলেন, এই ক্যাম্পেইনের আওতায় ১৮ বছর হতে তদুর্ধ্ব সকল নাগরিক তৃতীয় ডোজ বা বুস্টার ডোজ কোভিড ভ্যাকসিন গ্রহণ করতে পারবেন। দ্বিতীয় ডোজ গ্রহণের ৪ মাস পর বুস্টার ডোজ নেওয়া যাবে। বুস্টার ডোজের পাশাপাশি কোভিড ভ্যাকসিন কার্যক্রমও স্বাভাবিকভাবে চলমান থাকবে।

সভাপতির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন একটি কার্যকর সমাধান। কোভিড ভ্যাকসিনের সম্পূর্ণ সুফল পেতে হলে অবশ্যই তৃতীয় বা বুস্টার ডোজ নিতে হবে। এই কর্মসূচীকে সফল করতে প্রতি ওয়ার্ডে মাইকিং এবং জুমার নামাজে প্রতিটি মসজিদে ইমাম-খতিবের মাধ্যমে এলাকার নাগরিকদের অবগত করার কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে বিরানী প্রস্তুত করায়

নিউ মার্কেট মোড়স্থ হাজী বিরানী ২ লক্ষ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে অস্বাস্থ্যকর, নোংরা ও দুর্গন্ধময় পরিবেশে বিরানী প্রস্তুত করা ও রান্না ঘরের পার্শ্বে নোংরা পরিবেশে জবাইকৃত গরুর মাংস প্রসেস করা এবং কর্মরত খাদ্য কর্মীদের হেলথ ফিটনেস সনদ না থাকার দায়ে নিউ মার্কেট মোড়ের মেশিনারী মার্কেটস্থ হাজী বিরানী হাউসকে মামলা দায়ের পূর্বক ২ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩